দৈনিক ইত্তেফাক

তারিখ 19 OCT 1990
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৩ ...

# ঢাকা বিশ্ববিদ্যালয় বন্ধের বিরুদ্ধে লিগাল নোটিস

(সুপ্রীম কোর্ট রিপোর্টার)

ঢাকা বিশ্ববিদ্যালয় বন্ধ ঘোষণার বিরুদ্ধে শিক্ষক, সাংবাদিক, রাজনীতিবিদ ও ছাত্র নেতৃবৃন্দের পক্ষে শিক্ষা মন্ত্রণালয়ের সচিব, যুগ্ম সচিব ও আইন এবং বিচার মন্ত্রণালয়ের সচিবের উপর গত বুধবার লিগাল নোটিস জারি করা হইয়াছে। যাহাদের পক্ষে লিগাল নোটিস দেওয়া হইয়াছে তাঁহারা হইলেন ডঃ আনোয়ার হোসেন, গিয়াস কামাল চৌধুরী, ডঃ সায়েদুর রহমান, রাশেদ খান মেনন, ডঃ খান সরোয়ার মুর্শিদ, ফজলুল হক মিলন, মোহম্মদ খায়রুল কবীর খোকন, মোহম্মদ আফজাল হোসেন ও নাজমুল

(শেষ পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## লিগাল নোটিস

(১ম পৃঃ পর)

হক প্রধান।

নোটিসে বলা হয়, সরকারের ঢাকা বিশ্ববিদ্যালয় বন্ধ ঘোষণা ১৯৭৩ সালে ঢাকা বিশ্ববিদ্যালয় আদেশের উপর যথেচ্ছ ও বেআইনী হস্তক্ষেপ। কেননা উক্ত আইনে ঢাকা বিশ্ববিদ্যালয় পরিচালনায় স্বায়ত্তশাসন প্রদান করা হয়। ঢাকা বিশ্ববিদ্যালয় বন্ধ করিবার কোন আইনগত অধিকার সরকারের নাই। সরকারের এই আদেশ সংবিধানের ৩১ অনুচ্ছেদের পরিপন্থী।

লিগাল নোটিসে অবিলম্বে ঢাকা বিশ্ববিদ্যালয় বন্ধের আদেশ প্রত্যাহার, বাতিল করিবার জন্য অনুরোধ করা হয়। আগামী ২১ তারিখের সকাল দশটার মধ্যে জানানোর জন্য লিগাল নোটিসে অনুরোধ করা হয়। এই সময়ের মধ্যে জানাইতে ব্যর্থ হইলে উপযুক্ত প্রতিকারের জন্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগে রীট পিটিশন পেশ করা হইবে।

লিগাল নোটিসে স্বাক্ষর করেন ডঃ কামাল হোসেন, ব্যারিষ্টার সৈয়দ ইশতিয়াক আহমদ, শামসুল হক চৌধুরী, ব্যারিষ্টার আমীর উল-ইসলাম, জুলমত আলী খান, মাহমমুল ইসলাম, ব্যারিষ্টার রফিকুল ইসলাম মিয়া, এস, এম, হালদার, আমিনুল হক, শাহ আবু নঈম, কাজী শাহাবুদ্দিন আহমদ, শামীম হাসনায়েন।